শপথ নীতীশ কুমার ও হরিবংশের

নয়াদিল্লি, ১০ এপ্রিল: রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু হরিবংশ নারায়ণ সিংকে রাজ্যসভার মনোনীত সদস্য হিসেবে নিযুক্ত করেছেন। মনোনীত সদস্যের অবসরজনিত কারণে সৃষ্ট শূন্যপদ পূরণের জন্য সংবিধানের বিধান অনুসারে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

প্রধান বিচারপতি রঞ্জন গগৈয়ের অবসরের পর যে আসনটি শূন্য হয়েছিল, সেই আসনেই ৬৯ বছর বয়সি হরিবংশকে মনোনীত করা হয়েছে। তিনি বিহার থেকে দু'দফায় রাজ্যসভার সদস্য ছিলেন এবং উচ্চকক্ষের ডেপুটি চেয়ারম্যান হিসেবেও দায়িত্ব পালন করেছেন। নতুন মনোনয়নের ফলে তিনি ২০৩২ সাল পর্যন্ত উচ্চকক্ষের সদস্য হিসেবে দায়িত্ব পালন করবেন।শুক্রবার সংসদ ভবনে উপ-রাষ্ট্রপতি ও রাজ্যসভার চেয়ারম্যান সিপি রাধাকৃষ্ণনের উপস্থিতিতে হরিবংশ নারায়ণ সিং এবং বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমার রাজ্যসভার সদস্য হিসেবে শপথ গ্রহণ করেন। এই অনুষ্ঠানে কেন্দ্রীয় মন্ত্রীজগৎ প্রকাশ নাড্ডা, অর্থমন্ত্রী নির্মলা সীতারামন। সহ একাধিক বিশিষ্ট ব্যক্তি উপস্থিত ছিলেন।

হরিবংশ নারায়ণ সিং দীর্ঘদিন সাংবাদিকতার সঙ্গে যুক্ত ছিলেন এবং এক হিন্দি দৈনিকের প্রধান সম্পাদক হিসেবে বিশেষ পরিচিতি অর্জন করেন। পরবর্তীতে তিনি জনতা দলের (ইউনাইটেড) সঙ্গে যুক্ত হয়ে ২০১৪ সালে বিহার থেকে রাজ্যসভার সদস্য নির্বাচিত হন। উল্লেখ্য, ২০১৮ সালের ৯ আগস্ট তিনি রাজ্যসভার উপ-সভাপতি হিসেবে নির্বাচিত হন এবং ২০২০ সালের ১৪ সেপ্টেম্বর পুনরায় সেই পদে নির্বাচিত হন। সংসদে তাঁর শান্ত, সংযত ও ভারসাম্যপূর্ণ ভূমিকার জন্য তিনি বিশেষভাবে পরিচিত।

সংবিধান অনুযায়ী, শিল্প, সাহিত্য, বিজ্ঞান ও সমাজসেবার ক্ষেত্রে বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ রাষ্ট্রপতি রাজ্যসভায় মোট ১২ জন সদস্যকে মনোনীত করতে পারেন। সেই প্রেক্ষিতেই হরিবংশের এই মনোনয়ন গুরুত্বপূর্ণ বলে মনে করা হচ্ছে।প্রধানমন্ত্রী হরিবংশ নারায়ণ সিংকে রাজ্যসভার সদস্য হিসেবে মনোনীত হওয়ায় আন্তরিক অভিনন্দন জানিয়েছেন। সমাজ মাধ্যম এক্স হ্যান্ডলে প্রধানমন্ত্রী জানান, হরিবংশ সাংবাদিকতা ও জনজীবন, দুই ক্ষেত্রেই অমূল্য অবদান রেখেছেন। তিনি বলেন, দেশের অন্যতম অভিজ্ঞ রাজনৈতিক ব্যক্তিত্ব হিসেবে হরিবংশ নারায়ণ সিং দীর্ঘদিন ধরে জনজীবন ও সংসদীয় কার্যকলাপে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছেন।

প্রধানমন্ত্রী উল্লেখ করেন, বিহারের উন্নয়নে তাঁর অবদান প্রশংসনীয় এবং সুশাসনের প্রতি তাঁর অঙ্গীকার সর্বত্র স্বীকৃত। পূর্বে সাংসদ ও কেন্দ্রীয় মন্ত্রী হিসেবে তাঁর অভিজ্ঞতা দেশের গণতান্ত্রিক ব্যবস্থাকে আরও শক্তিশালী করেছে বলেও তিনি মন্তব্য করেন। তিনি আরও বলেন, হরিবংশ নারায়ণ সিংয়ের দীর্ঘ রাজনৈতিক অভিজ্ঞতা ও সংযত নেতৃত্ব সংসদের মর্যাদা আরও বৃদ্ধি করবে বলে তাঁর দৃঢ় বিশ্বাস। রাজ্যসভার নতুন মেয়াদে তাঁর সফলতা কামনা করে প্রধানমন্ত্রী শুভেচ্ছা ও অভিনন্দন জানান।

অন্যদিকে, নীতীশ কুমারকেও শপথগ্রহণ উপলক্ষে শুভেচ্ছা জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, তিনি দেশের অন্যতম অভিজ্ঞ রাজনৈতিক নেতা এবং সুশাসনের প্রতি তাঁর অঙ্গীকার সর্বত্র প্রশংসিত। ভবিষ্যতেও দেশের উন্নয়নে তাঁর গুরুত্বপূর্ণ ভূমিকা থাকবে বলেই আশা প্রকাশ করেছেন তিনি।

পবন খেড়াকে এক সপ্তাহের আগাম জামিন মঞ্জুর তেলেঙ্গানা হাইকোর্টের

গুয়াহাটি , ১০ এপ্রিল: অসমের মুখ্যমন্ত্রী ড. হিমন্তবিশ্ব শর্মার স্ত্রী রিনিকি ভুঁয়া শর্মার অসম ক্রাইমব্রাঞ্চে দায়েরকৃত এক এফআইআর-এর ভিত্তিতে রুজু মামলায় কংগ্রেসের সর্বভারতীয় নেতা পবন খেড়াকে এক সপ্তাহের জামিন মঞ্জুর করেছে তেলেঙ্গানা হাইকোর্ট।

আজ শুক্রবার তেলেঙ্গানা হাইকোর্টের বিচারপতি সুজানা কালাসিকাম পবন খেড়ার জামিন আবেদনের শুনানিকালে অন্তর্বর্তীকালীন এক সপ্তাহের স্বস্তি প্রদান করেছেন। আদালত তাঁকে পরবর্তী আইনি প্রক্রিয়ার উপযুক্ত আদালতে যাওয়ার সময় দিয়েছে।শুনানিকালে বিচারপতি সুজানা কালাসিকাম মন্তব্য করেছেন, 'আবেদনকারীকে সংশ্লিষ্ট আদালতে আবেদন করার জন্য এক সপ্তাহ সময় দেওয়া হচ্ছে। নির্দিষ্ট শর্তসাপেক্ষে এক সপ্তাহের জন্য তাঁকে এই স্বস্তি দেওয়া হল।'

পবন খেড়ার বিরুদ্ধে গুয়াহাটিতে আসাম পুলিশের ক্রাইম ব্রাঞ্চ থানায় ভারতীয় ন্যায় সংহিতার বিভিন্ন ধারায় মামলা রুজু হয়েছে। প্রযোজ্য ধারাগুলি যথাক্রমে ১৭৫ (নির্বাচনের সঙ্গে সম্পর্কিত মিথ্যা বিবৃতি), ৩৫ (ব্যক্তি ও সম্পত্তির আত্মরক্ষার অধিকার) এবং ৩১৮ (প্রতারণা)। প্রসঙ্গত, মুখ্যমন্ত্রী ড. হিমন্তবিশ্ব শর্মার স্ত্রী রিনিকি ভুঁয়া শর্মার একাধিক বিদেশি পাসপোর্ট রয়েছে বলে গত ৫ এপ্রিল গুয়াহাটিতে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে গুরুতর অভিযোগ তুলেছিলেন কংগ্রেস নেতা পবন খেড়া। ওই অভিযোগকে খণ্ডন করে গত ৬ এপ্রিল কংগ্রেস নেতা পবন খেড়ার বিরুদ্ধে আসাম পুলিশের ক্রাইম ব্রাঞ্চে অভিযোগ দায়ের করেছিলেন রিনিকি ভুঁয়া শর্মা। তাঁর বিরুদ্ধে কংগ্রেস নেতা যে অভিযোগ তুলেছেন, তা সর্বৈব মিথ্যা, বলেছেন মামলাকারিণী রিনিকি। মিথ্যা অভিযোগের প্রেক্ষিতে এই পদক্ষেপ নেওয়া হয়েছে বলেও জানিয়েছেন তিনি। রিনিকির বক্তব্য, মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে কোনও শক্তিশালী ইস্যু না-থাকায় তাকে 'সফট টার্গেট' করে আক্রমণ করা হচ্ছে।

এদিকে রিনিকি ভুঁয়া শর্মার দায়েরকৃত অভিযোগের ভিত্তিতে আসাম পুলিশ সংশ্লিষ্ট বিভিন্ন ধারায় এক মামলা দায়ের করেছে। মামলার ভিত্তিতে গত ৭ এপ্রিল অসম পুলিশের একটি দল দিল্লিতে পবন খেরার বাসভবনে গিয়েছিল। কিন্তু সেখানে তাঁকে পাওয়া যায়নি। ৮ এপ্রিল তিনি অগ্রিম জামিনের আবেদন জানিয়ে তেলেঙ্গানা হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন।তেলেঙ্গানা হাইকোর্টের আজকর অন্তর্বর্তী সুরক্ষার ফলে এক সপ্তাহের মধ্যে অসমের উপযুক্ত আদালতে অগ্রিম জামিনের জন্য আবেদন করার সুযোগ পেয়েছেন খেড়া। এই সময়ের মধ্যে আদালতের শর্তসাপেক্ষে তাঁকে গ্রেফতার করা হবে না। অসমের উপযুক্ত আদালতে আবেদন করার পর এই মামলার পরবর্তী আইনি প্রক্রিয়া এগোবে বলে আশা করা হচ্ছে।

ভারত-মার্কিন কূটনৈতিক বৈঠক, আগামী মাসে ভারতে আসছেন মার্কো রুবিও

ওয়াশিংটন, ১০ এপ্রিল: ভারতের বিদেশ সচিব বিক্রম মিশ্রি মার্কিন যুক্তরাষ্ট্রের ওয়াশিংটনে মার্কিন বিদেশমন্ত্রী মার্কো রুবিওর সঙ্গে গুরুত্বপূর্ণ বৈঠক করেন। বৈঠকে দুই দেশের দ্বিপাক্ষিক সম্পর্ক, বাণিজ্য, প্রতিরক্ষা ও কৌশলগত সহযোগিতা নিয়ে আলোচনা হয়। আগামী মাসে মার্কো রুবিও ভারত সফরে আসবেন বলে জানানো হয়েছে।

ওয়াশিংটনে তিন দিনের সফরে থাকা বিদেশ সচিব বিক্রম মিশ্রি হোয়াইট হাউসে মার্কিন বিদেশমন্ত্রী মার্কো রুবিওর সঙ্গে সাক্ষাৎ করেন। বৈঠকে উপস্থিত ছিলেন ভারতে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত সার্জিও গোরও।মার্কিন রাষ্ট্রদূত সার্জিও গোর সামাজিক মাধ্যমে জানিয়েছেন, বৈঠকে বাণিজ্য, ক্রিটিক্যাল মিনারেলস, প্রতিরক্ষা সহযোগিতা এবং কোয়াড বিষয়ক বিভিন্ন গুরুত্বপূর্ণ ইস্যু নিয়ে আলোচনা হয়েছে। তিনি আরও জানান, মার্কো রুবিও আগামী মাসে ভারত সফর নিয়ে আগ্রহ প্রকাশ করেছেন।

এর আগে বিদেশ সচিব বিক্রম মিশ্রি মার্কিন যুক্তরাষ্ট্রের উপ-বিদেশমন্ত্রী ক্রিস্টোফার ল্যান্ডাউয়ের সঙ্গেও বৈঠক করেন। সেখানে পারস্য উপসাগরের পরিস্থিতি, পাশাপাশি বিভিন্ন বৈশ্বিক ও আঞ্চলিক ইস্যু নিয়ে আলোচনা হয়।

উত্তরপ্রদেশে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ, মোট ভোটার ১৩.৩৯ কোটি

লখনউ, ১০ এপ্রিল: দীর্ঘ ১৬৬ দিনের এসআইআর প্রক্রিয়া শেষে উত্তরপ্রদেশের চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক নবদীপ রিনওয়া শুক্রবার লখনউয়ে সাংবাদিক বৈঠকে এই তালিকা প্রকাশ করেন।

নতুন তালিকা অনুযায়ী, উত্তরপ্রদেশে মোট ভোটারের সংখ্যা দাঁড়িয়েছে ১৩ কোটি ৩৯ লক্ষ ৮৪ হাজার ৭৯২। আগের তুলনায় ভোটার বেড়েছে ৮৪ লক্ষ ২৮ হাজার ৭৬৭। এর মধ্যে পুরুষ ভোটার ৭ কোটি ৩০ লক্ষ ৭১ হাজার ৬১, মহিলা ভোটার ৬ কোটি ৯ লক্ষ ৯৫২৫ এবং তৃতীয় লিঙ্গের ভোটার ৪,২০৬ জন। এছাড়া ১৮-১৯ বছর বয়সী নতুন ভোটারের সংখ্যা ১৭ লক্ষ ৬৩ হাজার ৩৬০। মোট ভোটারের মধ্যে ৫৪.৫৪ শতাংশ পুরুষ এবং ৪৫.৪৬ শতাংশ মহিলা ভোটার।

প্রশাসনের তরফে জানানো হয়েছে, পুনর্বিবেচনা প্রক্রিয়ায় বিভিন্ন কারণে ৮ লক্ষ ১৫ হাজার ৯৯৬ জনের নাম ভোটার তালিকা থেকে বাদ পড়েছে। এর মধ্যে প্রায় ৩ লক্ষ ৫০ হাজার ৪৩৬ জনের ক্ষেত্রে নোটিসের পরও সন্তোষজনক উত্তর না পাওয়ায় নাম বাতিল করা হয়েছে।রাজ্যের মধ্যে সবচেয়ে বেশি ভোটার বৃদ্ধি হয়েছে কয়েকটি জেলায় প্রয়াগরাজ ৩.২৯ লক্ষ বৃদ্ধি, লখনউ ২.৮৫ লক্ষ বৃদ্ধি, বরেলি ২.৫৭ লক্ষ বৃদ্ধি, গাজিয়াবাদ ২.৪৩ লক্ষ বৃদ্ধি, জৌনপুর ২.৩৭ লক্ষ বৃদ্ধি

বিধানসভা কেন্দ্রগুলির মধ্যে সাহিবাবাদ, জৌনপুর, লখনউ পশ্চিম এবং ফিরোজাবাদে সর্বাধিক বৃদ্ধি লক্ষ্য করা গিয়েছে।৬ জানুয়ারি প্রাথমিক খসড়া তালিকা প্রকাশের পর ৬ মার্চ পর্যন্ত দাবি ও আপত্তি গ্রহণ করা হয়। এই সময়ে প্রায় ৮৬.৬৯ লক্ষ আবেদন (ফর্ম-৬) জমা পড়ে নতুন নাম অন্তর্ভুক্তির জন্য এবং ৩.১৮ লক্ষ আবেদন (ফর্ম-৭) জমা পড়ে নাম বাদ দেওয়ার জন্য।মুখ্য নির্বাচনী আধিকারিক জানান, যাঁদের নাম এখনও তালিকায় অন্তর্ভুক্ত হয়নি, তাঁরা ফর্ম-৬ জমা দিয়ে পরবর্তীতেও নাম যোগ করতে পারবেন।

প্রশাসনের দাবি, পুরো প্রক্রিয়ায় বিভিন্ন রাজনৈতিক দল, বিজেপি, সমাজবাদী পার্টি, কংগ্রেস ও বিএসপি-সহ অন্যান্য দলের প্রতিনিধিদের সঙ্গে নিয়মিত বৈঠক করে অভিযোগ ও সমস্যার দ্রুত নিষ্পত্তি করা হয়েছে। বুথস্তরেও এজেন্টদের সক্রিয় অংশগ্রহণ ছিল।ভোটকুশলীদের মতে, এত বড় আকারে ভোটার তালিকার সংশোধন আসন্ন নির্বাচনে বড় প্রভাব ফেলতে পারে। বিশেষ করে যেসব আসনে লড়াই হাড্ডাহাড্ডি, সেখানে কয়েক হাজার ভোটারের হেরফেরই ফলাফল বদলে দিতে পারে। ফলে রাজনৈতিক দলগুলিও এই চূড়ান্ত তালিকার দিকে কড়া নজর রাখছে বলে জানা গিয়েছে।

নেপালে ভারতীয় তীর্থযাত্রীদের বাস দুর্ঘটনার কবলে, আহত ৬

কাঠমাণ্ডু, ১০ এপ্রিল: নেপালের মুক্তিনাথ ধাম দর্শন শেষে ফেরার পথে ভারতীয় তীর্থযাত্রীদের বহনকারী একটি বাস দুর্ঘটনার কবলে পড়ে। ঘটনায় অন্তত ৬ জন ভারতীয় তীর্থযাত্রী আহত হয়েছেন।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, শুক্রবার সকালে মিয়াগদি জেলার বেনি পৌরসভার জলেশ্বরের কাছে দুর্ঘটনা ঘটে। মুস্তাং জেলার মুক্তিনাথ দর্শন শেষে ফেরার পথে ভারতীয় তীর্থযাত্রীদের নিয়ে যাওয়া বাসটি বেনি-জোমসম-কোরলা সড়ক অংশে নিয়ন্ত্রণ হারিয়ে দুর্ঘটনাগ্রস্ত হয়। স্থানীয় প্রশাসন ও জেলা পুলিশ সূত্রে জানা গেছে , আহতদের মধ্যে একজনকে উন্নত চিকিৎসার জন্য পোখরা হাসপাতালে পাঠানো হয়েছে, বাকি পাঁচজনের চিকিৎসা চলছে নির সরকারি হাসপাতালে।

আহতদের মধ্যে রয়েছেন উত্তর প্রদেশের দিনা মাদি(২৬), ত্রিবেণী ভারত (৩৬), প্রমোদ শঙ্কর যাদব (৫০), কৈলাশ দেইয়ানি (২৮), নিরঞ্জন দাস খান্না (৭০) এবং সন্তোষ (২২)।উল্লেখ্য, একই এলাকায় বুধবারও ট্রাক ও বাসের সংঘর্ষে মুক্তিনাথ থেকে ফেরা ১৫ জন ভারতীয় তীর্থযাত্রী আহত হয়েছিলেন বলে পুলিশ জানিয়েছে।

সর্বসাধারণের জন্য খুলছে রাম জন্মভূমি, শুরু অনলাইন বুকিং

অযোধ্যা, ১০ এপ্রিল: পুণ্যার্থী দর্শনের কথা মাথায় রেখে আবারও খোলা হচ্ছে উত্তরপ্রদেশের রাম জন্মভূমি । অযোধ্যা মন্দির সংলগ্ন পারকোটা, শেষাবতার মন্দির, সপ্ত মন্দির এবং কুবের টিলাস্থিত সব মন্দির সোমবার ১৩ এপ্রিল থেকে খুলে দেওয়া হবে সর্বসাধারণের দর্শনের জন্য। সেই উদ্দেশ্যে শুক্রবার থেকে মন্দির কর্তৃপক্ষের তরফ থেকে শুরু হল অনলাইন বুকিং পদ্ধতি ।

এদিন অযোধ্যা মন্দির কর্তৃপক্ষের এক সদস্য গোপাল রাও জানিয়েছেন, শুক্রবার থেকে শুরু করা হলো অনলাইন বুকিং প্রক্রিয়া। এক্ষেত্রে সুগম দর্শন, বিশিষ্ট দর্শন এবং সাধারণ দর্শন - মোট তিনধরণের পাসের ব্যবস্থা থাকবে।

ময়দান

বৈভবের জেল্লায় ঝলসে গেল বেঙ্গালুরু! গুয়াহাটিতে অব্যাহত রাজস্থানের দাপট

নিজস্ব প্রতিবেদন: বৈভব সূর্যবংশীর নাম এখন ভারতীয় ক্রিকেটে এক নতুন আলোড়ন তুলেছে। মাত্র পনেরো বছর বয়সে এমন বিধ্বংসী ব্যাটিং সচরাচর দেখা যায় না। অভিজ্ঞতার বিচারে যেখানে বিরাট কোহলির মতো তারকারা বহু বছর ধরে নিজেদের প্রমাণ করেছেন, সেখানে এই কিশোর প্রতিভা নিজের প্রথম দিকের ম্যাচগুলোতেই এমন আত্মবিশ্বাস দেখাচ্ছে, যা সত্যিই বিস্ময়কর।

রাজস্থান রয়্যালস বনাম বেঙ্গালুরু দলের এই ম্যাচটি শুরু থেকেই নাটকীয়তায় ভরা ছিল। বৃষ্টির কারণে দেরিতে শুরু হওয়া ম্যাচে টস জিতে প্রথমে বল করার সিদ্ধান্ত নেন অধিনায়ক রিয়ান পরাগ। তাঁর এই সিদ্ধান্তকে সঠিক প্রমাণ করেন জোফ্রা আর্চার। ম্যাচের শুরুতেই প্রতিপক্ষের ব্যাটিং লাইনআপে ধাক্কা লাগে। দ্রুত উইকেট পড়তে থাকায় চাপে পড়ে বেঙ্গালুরু। যদিও বিরাট কোহলি শুরুটা দারুণ করেছিলেন, কিন্তু বড় ইনিংস গড়তে পারেননি। তাঁর বিদায়ের পর আরও দ্রুত উইকেট পড়তে থাকে। এই সময়ে দলকে কিছুটা স্থিতিশীলতা দেন রজত পাতিদার। কঠিন পরিস্থিতিতে দাঁড়িয়ে তিনি লড়াই চালিয়ে যান এবং শেষের দিকে রান বাড়াতে গুরুত্বপূর্ণ ভূমিকা নেন। তাঁর সঙ্গে ভেঙ্কটেশ আইয়ারের ছোট কিন্তু কার্যকর ইনিংস দলকে দুইশোর কাছাকাছি পৌঁছে দেয়। দুশো রান তাড়া করা সহজ কাজ নয়, কিন্তু বর্ষাপাড়ার পিচে ব্যাটিং তুলনামূলক সহজ হয়ে উঠেছিল। আর সেই সুযোগটাই কাজে লাগাল বৈভব সূর্যবংশী।

বিশ্বকাপ সম্প্রচারে অনিশ্চয়তা! উদ্বেগে ভারতীয় ফুটবলপ্রেমীরা

নিজস্ব প্রতিবেদন: আর মাত্র দু' মাসের অপেক্ষা। তারপরেই শুরু হতে চলেছে ফিফা বিশ্বকাপ ২০২৬। বিশ্বের সবচেয়ে জনপ্রিয় ক্রীড়া আসরকে ঘিরে চার বছর ধরে অপেক্ষা করেন কোটি কোটি ফুটবলপ্রেমী। কিন্তু এবার সেই আনন্দের আগেই ভারতের দর্শকদের মনে তৈরি হয়েছে বড় এক অনিশ্চয়তা, তারা আদৌ কি টেলিভিশনের পর্দায় বিশ্বকাপ দেখতে পারবেন?

এই প্রশ্ন এখন শুধু একটি সম্প্রচার সংক্রান্ত বিষয় নয়, বরং ফুটবল সংস্কৃতির সঙ্গে জড়িয়ে থাকা এক গভীর আবেগের বিষয় হয়ে উঠেছে। এতদিন যেটা ছিল ঘরের উৎসব, পরিবার, বন্ধু ও পাড়ার আড্ডায় রাত জেগে ম্যাচ দেখা, সেটাই এবার অনিশ্চয়তার মুখে। কারণ এখনও পর্যন্ত ভারতে বিশ্বকাপ সম্প্রচারের জন্য কোনও নির্দিষ্ট সংস্থা চূড়ান্ত হয়নি। ফিফা বহু চেষ্টা করেও সম্প্রচারের স্বত্ব বিক্রি করতে ব্যর্থ হয়েছে।

শুরুর দিকে প্রায় ১০০ মিলিয়ন মার্কিন ডলারের উচ্চমূল্য নির্ধারণ করা হয়েছিল। পরে তা কমিয়ে প্রায় ৩৫ মিলিয়ন ডলারে নামানো হলেও বড় কোনও মিডিয়া সংস্থা আগ্রহ দেখায়নি। এমনকি জিওহটস্টারের পক্ষ থেকে প্রায় ২৫ মিলিয়ন ডলারের একটি প্রস্তাব দেওয়া হলেও তা শেষ পর্যন্ত বাস্তবায়িত হয়নি।এই অনীহার পেছনে রয়েছে একাধিক কারণ। বিশেষজ্ঞদের মতে, বর্তমান অর্থনৈতিক চাপ, বিজ্ঞাপন থেকে আয় কমে যাওয়ার আশঙ্কা এবং মিডিয়া সংস্থাগুলোর আর্থিক অনিশ্চয়তা, সব মিলিয়েই তৈরি হয়েছে এই পরিস্থিতি। এর সঙ্গে আরও বড় একটি বিষয় হলো ভারতের বাজারে ক্রিকেটের আধিপত্য। ক্রিকেট এখানে শুধু খেলা নয়, এক আবেগ। গত কয়েক বছরে ক্রিকেট সম্প্রচারের স্বত্ব কিনতে বিপুল বিনিয়োগ করেছে বিভিন্ন সংস্থা। ফলে ফুটবলের জন্য এত বড় আর্থিক ঝুঁকি নিতে অনেকে পিছিয়ে যাচ্ছে।

আরও একটি গুরুত্বপূর্ণ বিষয় হলো সময়। এবারের বিশ্বকাপ আয়োজন হচ্ছে ইউনাইটেড স্টেটস, কানাডা এবং মেক্সিকোতে। এই তিন দেশের সময় ভারতের তুলনায় অনেকটাই আলাদা। ফলে বেশিরভাগ ম্যাচই হবে ভারতীয় সময় অনুযায়ী গভীর রাত বা ভোরে। স্বাভাবিকভাবেই এই সময় দর্শকসংখ্যা কমে যাওয়ার আশঙ্কা থাকে। কম দর্শক মানে কম বিজ্ঞাপন, আর কম বিজ্ঞাপন মানেই সম্প্রচার সংস্থার জন্য বড় আর্থিক ক্ষতির ঝুঁকি। তবে এই সব হিসাব-নিকাশের বাইরে রয়েছে এক বিশাল আবেগ। সেই তরুণ, যে প্রিয় দলের জার্সি পরে টিভির সামনে বসে থাকে, সেই বন্ধুরা, যারা রাত জেগে গোল হলে একসঙ্গে চিৎকার করে ওঠে, কিংবা সেই পরিবার, যারা একসঙ্গে বসে বিশ্বকাপের উত্তেজনায় ডুবে যায়;তাদের কাছে এটি শুধুই খেলা নয়, এক অনুভূতি।২০২২ সালের কাতার বিশ্বকাপের সময় ভারতেও ফুটবলের উন্মাদনা চোখে পড়ার মতো ছিল। রাস্তায় পতাকা, ঘরে ঘরে আলোচনা, মেসি না এমবাপে, সব মিলিয়ে এক উৎসবমুখর পরিবেশ তৈরি হয়েছিল। কিন্তু এবার সেই পরিবেশ তৈরি হওয়ার আগেই যেন অনিশ্চয়তার ছায়া নেমে এসেছে।

বিশ্বায়নের এই যুগে দাঁড়িয়ে যদি কোটি কোটি দর্শক নিজেদের প্রিয় খেলা দেখতে না পান, তা হলে সেটা শুধু বাজারের ব্যর্থতা নয়, বরং এক বড় আবেগের পরাজয়ও বটে। এখন সকলের নজর শেষ মুহূর্তে কোনও সম্প্রচার সংস্থা এগিয়ে আসে কি না তার দিকে?

বাবার প্রয়াণে ভেঙে পড়লেন লক্ষ্মীরতন

নিজস্ব প্রতিবেদন: প্রাক্তন ভারতীয় ক্রিকেটার লক্ষ্মীরতন শুক্লার বাবা উমেশচন্দ্র শুক্লার প্রয়াণে শোকের ছায়া নেমে এসেছে ক্রীড়াজগতে। শুক্রবার সকালে কলকাতার বাইপাস সংলগ্ন একটি বেসরকারি হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৭ বছর। দীর্ঘদিন ধরেই বার্ধক্যজনিত নানা শারীরিক সমস্যায় ভুগছিলেন উমেশচন্দ্রবাবু। শারীরিক অবস্থার অবনতি হওয়ায় প্রায় পনেরো দিন আগে তাঁকে হাসপাতালে ভর্তি করা হয়। চিকিৎসকরা শুরু থেকেই তাঁর অবস্থাকে অত্যন্ত সংকটজনক বলে মনে করেছিলেন। জানা যায়, ফুসফুসে গুরুতর সংক্রমণের কারণে তাঁকে ভেন্টিলেশনে রাখা হয়েছিল। একসময় তাঁর শারীরিক অবস্থার কিছুটা উন্নতি হওয়ায় ভেন্টিলেশন থেকে সরানো হয়েছিল, কিন্তু সেই স্বস্তি ছিল খুবই ক্ষণস্থায়ী। রাতের মধ্যেই আবার তাঁর শারীরিক অবস্থার অবনতি ঘটে এবং চিকিৎসকদের বাধ্য হয়ে পুনরায় ভেন্টিলেশনে রাখতে হয়। ধীরে ধীরে পরিস্থিতি আরও জটিল হয়ে ওঠে। চিকিৎসার মাঝেই তাঁর নিউমোনিয়াও ধরা পড়ে, যা তাঁর শারীরিক অবস্থাকে আরও বিপজ্জনক করে তোলে।

চিকিৎসকরা সর্বোচ্চ চেষ্টা চালালেও শেষ পর্যন্ত তাঁকে বাঁচানো সম্ভব হয়নি। শুক্রবার সকালে চিকিৎসাধীন অবস্থাতেই তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তাঁর প্রয়াণে শোকস্তব্ধ হয়ে পড়েছে গোটা শুক্লা পরিবার। বিশেষ করে ছেলে লক্ষ্মীরতন শুক্লা বাবার এই অকাল প্রস্থানে ভেঙে পড়েছেন।

দি গ্রোব টি কোম্পানি লিমিটেড
CIN : L74110WB1895PLC000963
রেজি অফিস : ''হাউট স্ট্রিট'', ১০ম তল,
৮৬এ তপসিয়া রোড, কলকাতা ৭০০ ০৪৬
টেলিফোন নং : ০৩৩-৪০০৩১৩২৫/২৬
ইমেল : grobtea@rawalwasia.co.in, **ওয়েবসাইট :** www.grobtea.com

শেয়ারহোল্ডারদের প্রতি দৃষ্টি আকর্ষণ
ভৌত শেয়ারের হস্তান্তর অনুরোধ পুনরায় জমা দেওয়ার জন্য বিশেষ উইন্ডো খোলা হচ্ছে

সেবি সার্কুলার নং SEBI/HO/MIRSD-POD/P/CIR/2025/97, তারিখ ০২ জুলাই, ২০২৫ অনুসারে, ভৌত সিকিউরিটিজের হস্তান্তর দলিল পুনরায় জমা দেওয়ার জন্য একটি বিশেষ উইন্ডো খোলা হয়েছিল, যা ০৬ জানুয়ারি, ২০২৬ তারিখে বন্ধ হয়ে গেছে। আরও সেবি-এর ৩০ জানুয়ারী, ২০২৬ তারিখের সার্কুলার নং HO/38/13/11(2)2026-MIRSD-POD/I/3750/2026 অনুসারে, বিনিয়োগকারীদের জন্য বিনিয়োগ সহজ করতে এবং বিনিয়োগকারীদের অধিকার সুরক্ষিত করার জন্য, ০১ এপ্রিল, ২০১৯-এর আগে বিক্রি/ক্রয় করা ভৌত সিকিউরিটিজের হস্তান্তর এবং ডিম্যাটেরিয়ালাইজেশনের জন্য আরেকটি বিশেষ উইন্ডো খোলা হয়েছে। এই বিশেষ উইন্ডোটি সেইসব হস্তান্তর অনুরোধের জন্যও উপলব্ধ থাকবে, যা পূর্বে জমা দেওয়া হয়েছিল এবং নথিপত্র/প্রক্রিয়া/বা অন্য কোনো কারণে প্রত্যাখ্যাত/অমীমাংসিত ফেরত এসেছিল। এই সুবিধাটি **০৫ ফেব্রুয়ারী, ২০২৬ থেকে ০৪ ফেব্রুয়ারী, ২০২৭** পর্যন্ত এক বছরের জন্য কার্যকর থাকবে। এই সময়কালে যোগ্য শেয়ারহোল্ডারগণ প্রয়োজনীয় কাগজপত্র সহ কোম্পানির রেজিস্ট্রার ও শেয়ার ট্রান্সফার এজেন্ট (আরটিএ) অর্থাৎ নিচ টেকনোলজিস প্রাইভেট লিমিটেড-এর ঠিকানায় ৩এ, অকল্যান্ড প্লেস, ৮ম তল, রুম নং ৭এ ও ৭বি, কলকাতা-৭০০০১৭ অথবা **nichetechpl@nichetechpl.com**-এ ই-মেইলের মাধ্যমে আবেদন জমা/পুনরায় জমা দিতে পারবেন এবং হস্তান্তরের জন্য যে সিকিউরিটিজগুলি জমা/পুনরায় জমা দেওয়া হবে (কোম্পানি/ আরটিএ-এর কাছে বর্তমানে বিচারাধীন অনুরোধগুলি সহ), সেগুলি শুধুমাত্র ডিম্যাট মোডে ইস্যু করা হবে। এই ধরনের হস্তান্তর-কাম-ডিম্যাট অনুরোধের জন্য যথাযথ প্রক্রিয়া অনুসরণ করা হবে।
ঘোষিত সার্কুলারটি কোম্পানির ওয়েবসাইট **www.grobtea.com**-এও পাওয়া যাচ্ছে।

দি গ্রোব টি কোম্পানি লিমিটেড-এর পক্ষে
স্বা/-
নেহা সিং
কোম্পানি সেক্রেটারি এবং কমপ্লায়েন্স অফিসার
তারিখ : ১০.০৪.২০২৬
স্থান : কলকাতা

পূর্ব রেলওয়ে
ই-টেন্ডার বিজ্ঞপ্তি নং ঃ ইএলডি-৩০০-ডব্লুসি-২৬-২০২৫-২৬-আর২, তারিখ ০৮.০৪.২০২৬। সিনিয়র ডিভিশনাল ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ার/টিআরডি, শিয়ালদহ, পূর্ব রেলওয়ে, কন্ট্রোল বিল্ডিং, ২য় তল, ডিআরএম অফিস, কাইজার স্ট্রিট, শিয়ালদহ, কলকাতা-৭০০০১৪ নিম্নলিখিত কাজের জন্য ই- টেন্ডার আহ্বান করছেন। **টেন্ডার নং ঃ ইএলডি- ৩০০-ডব্লুসি-২৬-২০২৫-২৬-আর-২। কাজের নাম ঃ** ''শিয়ালদহ ডিভিশনে লার্জ-স্প্যান তার এবং জি-জাম্পারের প্রতিস্থাপন'' সংক্রান্ত ২৫ কেভি ওএইচই ও আনুষঙ্গিক বৈদ্যুতিক কাজ। **টেন্ডার মূল্য ঃ** ৬০,৬৩,৪৬০ টাকা। **বায়না মূল্যঃ** ১,২১,৩০০ টাকা। **টেন্ডার নথির মূল্য ঃ** শূন্য। **কাজ শেষ করার সময়-সীমা ঃ** লেটার অফ অ্যাকসেপ্ট্যান্স ইস্যুর তারিখ থেকে ১২ (বারো) মাস। **বন্ধের তারিখ ঃ** ০৫.০৫.২০২৬-এ দুপুর ৩টা। বিশদ টেন্ডার বিজ্ঞপ্তি এবং সময়ে সময়ে ইস্যু করা সংশোধনী ওয়েবসাইট **www.ireps.gov.in**-এ পাওয়া যাবে।
(SDAH-04/2026-27)
টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in-এও পাওয়া যাবে।
আমাদের অনুসরণ করুন ঃ @EasternRailway
@easternrailwayheadquarter

শ্রেণীবদ্ধ বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-মোঃ ৯৮৩১৯১৯৭৯১

NOTICE
E.E Berhampore Division –I, PWD invites offline short Notice Inviting Quotation No.- 02 of 2026-2027 for the work of-
1. Emergent erection of temporary structure for providing logistic supports and accommodation of CAPF at 7(seven) locations of Berhampore Police Station under Murshidabad Police District in the district of Murshidabad in connection with ensuing West Bengal Legislative Assembly election 2026 under Berhampore Division - I, P.W.Dte
2. Emergent erection of temporary structure for providing logistic supports and accommodation of CAPF at 3(Three) locations of Sagardighi Police Station under Jangipur Police District in the district of Murshidabad in connection with ensuing West Bengal Legislative Assembly election 2026 under Berhampore Division - I, P.W.Dte.
3. Emergent erection of temporary structure for providing logistic supports and accommodation of CAPF at 4(Four) locations of Raghunathganj Police Station under Jangipur Police District in the district of Murshidabad in connection with ensuing West Bengal Legislative Assembly election 2026 under Berhampore Division - I, P.W.Dte.
4. Emergent erection of temporary structure for providing logistic supports and accommodation of CAPF at 4(Four) locations of Farakka Police Station under Jangipur Police District in the district of Murshidabad in connection with ensuing West Bengal Legislative Assembly election 2026 under Berhampore Division - I, P.W.Dte.
5. Emergent erection of temporary structure for providing logistic supports and accommodation of CAPF at 4(Four) locations of Suti Police Station under Jangipur Police District in the district of Murshidabad in connection with ensuing West Bengal Legislative Assembly election 2026 under Berhampore Division - I, P.W.Dte.
6. Emergent erection of temporary structure for providing logistic supports and accommodation of CAPF at 3(three) locations of Samsherganj Police Station under Jangipur Police District in the district of Murshidabad in connection with ensuing West Bengal Legislative Assembly election 2026 under Berhampore Division - I, P.W.Dte
The detailed schedule of all items of works will be available in the office of the Executive Engineer, PWD, Berhampore Division –I.
Last date and time for receipt of application for Quotation documents on **13/04/2026 upto 01.00 PM.** Last date and time of issuance of Quotation documents on **13/04/2026 upto 02.00 PM.** Last date and time of receipt of Quotation in sealed envelope on **13/04/2026 upto 02.30 PM.** Opening of financial bid on **13/04/2026 at 03.00 PM.**
Sd/- Executive Engineer,
Berhampore Division-I P.W.D

ফর্ম নং আইএনসি - ২৬
(২০১৪ সালের কোম্পানি (ইনকর্পোরেশন) রুলসের রুল ৩০ অধীনে)
কোম্পানির রেজিস্টার্ড অফিস এক রাজ্য থেকে অন্য রাজ্যে স্থানান্তরের নিমিত্ত সংবাদপত্রে বিজ্ঞাপন
কেন্দ্রীয় সরকার
রিজিওনাল ডিরেক্টর, ইস্টার্ন রিজিওন
কলকাতা, পশ্চিমবঙ্গ সমীপে
২০১৩ সালের কোম্পানি আইনের ধারা ১৩ এর সাব সেকশন (৪) এবং ২০১৪ সালের কোম্পানি (ইনকর্পোরেশন) রুলসের রুল ৩০ এর সাব রুল (৫) এর ক্লজ (এ) বিষয় সম্পর্কিত
এবং
এসএস খেতন কনস্ট্রাকশন প্রাইভেট লিমিটেড (CIN: U70109WB2012PTC175108) ১৯৫৬ সালের কোম্পানি আইন অধীনে গঠিত কোম্পানি, রেজিস্টার্ড অফিস **৩২, জি টি রোড (দক্ষিণ) ৬ষ্ঠ তল, হাওড়া - ৭১১১০১, পশ্চিমবঙ্গ সম্পর্কিত**
... দরখাস্তকারী
এতদ্দ্বারা সাধারণের অবগতির জন্য বিজ্ঞাপিত হচ্ছে যে, কোম্পানির ১০ এপ্রিল ২০২৬ তারিখে অতিরিক্ত সাধারণ সভায় গৃহীত বিশেষ প্রস্তাব অনুযায়ী কোম্পানির রেজিস্টার্ড অফিস ''পশ্চিমবঙ্গ রাজ্য'' থেকে ''তামিলনাড়ু রাজ্যে'' স্থানান্তরের বিষয়টি কোম্পানির মেমোরান্ডাম অব অ্যাসোসিয়েশনের পরিবর্তনক্রমে নিশ্চিত করার উদ্দেশ্যে ২০১৩ সালের কোম্পানি আইনের ধারা ১৩ অধীনে কেন্দ্রীয় সরকার এর নিকট কোম্পানি এক আবেদন দাখিলের প্রস্তাব করছে।
কোনও ব্যক্তির কোম্পানির রেজিস্টার্ড অফিস প্রস্তাবিত পরিবর্তনের ফলে স্বার্থ ক্ষুন্ন হওয়ার আশঙ্কা থাকলে **এমসিএ-২১ পোর্টাল (www.mca.gov.in) বা বিনিয়োগকারীগণের ফর্মপূরণ সাপেক্ষে** বা হাতেহাতে বা রেজিস্টার্ড ডাকে স্বার্থের ধরন এবং আপত্তির কারণ হলফনামা দ্বারা সমর্থিত মতে **রিজিওনাল ডিরেক্টর, ইস্টার্ন রিজিওন, কর্পোরেট ভবন, ৭ম তল, প্লট নং ৩এফ/১৬, এএ-৩এফ, রাজারহাট, নিউটাউন, আকন্দকেশরী, কলকাতা - ৭০০১৩৫, পশ্চিমবঙ্গ** ঠিকানায় বিজ্ঞপ্তি প্রকাশের চৌদ্দদিনের মধ্যে এবং একটি কপি নিম্নে উল্লিখিত কোম্পানির রেজিস্টার্ড অফিসে পাঠাতে হবে :
আবেদনকারীর পক্ষে
স্বা/-
শ্রেয়াংশ বাদালিয়া
(ডিরেক্টর)
ডিন : **১১৫৯৮১৮৫**
ঠিকানা : এসএস খেতন কনস্ট্রাকশন প্রা. লি.
রেজিস্টার্ড অফিস : ৩২, জি টি রোড (দক্ষিণ) ৬ষ্ঠ তল, হাওড়া - ৭১১১০১, পশ্চিমবঙ্গ
তারিখ : ১০.০৪.২০২৬
স্থান : হাওড়া

মানাকসিয়া লিমিটেড
কর্পোরেট আইডেন্টিফিকেশন নাম্বার : L74950WB1984PLC038336
রেজি অফিস : টার্নার মরিসন বিল্ডিং, ৬ লায়ন্স রেঞ্জ, ৩য় তল, কলকাতা - ৭০০ ০০১
ফোন নং : +৯১-৩৩-২২৩১০০৫৫
ইমেল : investor.relations@manaksia.com ওয়েবসাইট : www.manaksia.com

ভৌত সিকিউরিটিজের ডিমেটেরিয়ালাইজেশন এবং স্থানান্তরের জন্য বিশেষ ব্যবস্থা

কোম্পানির সকল শেয়ারহোল্ডারদের অবহিত করা হচ্ছে যে, ৩০ জানুয়ারী, ২০২৬ তারিখের সেবি সার্কুলার নং SEBI/HO/38/13/11(2)2026-MIRSD-POD/I/3750/2026 অনুসারে, কোম্পানি ১ এপ্রিল, ২০১৯ এর আগে বিক্রি/ক্রয় করা কিন্তু নথিপত্র, প্রক্রিয়া বা অন্য কোনও কারণে প্রত্যাখ্যাত/ফেরত/অনুপস্থিত থাকা ভৌত সিকিউরিটিগুলির স্থানান্তর এবং ডিমেটেরিয়ালাইজেশনের জন্য এককালীন বিশেষ ব্যবস্থা করতে পেরে আনন্দিত।
এই বিশেষ উইন্ডোটি **৫ ফেব্রুয়ারী, ২০২৬ থেকে ৪ ফেব্রুয়ারী, ২০২৭** পর্যন্ত এক বছরের জন্য খোলা রাখা হয়েছে। অনুগ্রহ করে মনে রাখবেন যে এই সময়ের মধ্যে, স্থানান্তরিত সিকিউরিটিগুলি কেবলমাত্র ডিম্যাটেরিয়ালাইজড (ডিম্যাট) ফর্মে হস্তান্তরকারীর কাছে জমা হবে এবং স্থানান্তর নিবন্ধনের তারিখ থেকে ১ (এক) বছরের জন্য লক-ইন থাকবে। যোগ্য শেয়ারহোল্ডাররা নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় নথিপত্র সহ কোম্পানি/রেজিস্ট্রার এবং শেয়ার ট্রান্সফার এজেন্ট (আরটিএ) -এর কাছে স্থানান্তর এবং ডিম্যাটেরিয়ালাইজেশনের জন্য তাদের অনুরোধ জমা দিতে পারেন। এই বিষয়ে যেকোনো প্রশ্ন বা সহায়তার জন্য, সংশ্লিষ্ট শেয়ারহোল্ডাররা নীচের ঠিকানায় কোম্পানি/আরটিএ-এর সাথে যোগাযোগ করতে পারেন :

মানাকসিয়া লিমিটেড টার্নার মরিসন বিল্ডিং ৬ লায়ন্স রেঞ্জ, ৩য় তল কলকাতা- ৭০০ ০০১ টেলিফোন ০৩৩ ২২৩১-০০৫৫ ইমেল : investor.relations@manaksia.com	**মাহেশ্বরী ডেটোমেটিকস প্রা লি** (ইউনিট- মানাকসিয়া লিঃ) ২৩, আর এন মুখার্জি রোড, ৬ষ্ঠ তল, কলকাতা -৭০০০০১ ফোন : ০৩৩-২২৪৩-৫০২৯ ইমেল : compliance@mdplcorporate.com

মানাকসিয়া লিমিটেডের পক্ষে
স্বা/-
দেবদীপ চৌধুরী
কোম্পানি সেক্রেটারি
স্থান - কলকাতা
তারিখ- ১০.০৪.২০২৬

MANAKSIA STEELS LIMITED
An ISO 9001 : 2015 Company
কর্পোরেট আইডেন্টিফিকেশন নম্বর : L27101WB2001PLC138341
রেজিস্টার্ড অফিস : টার্নার মরিসন বিল্ডিং, ৬ লায়ন্স রেঞ্জ, ২য় তল, কলকাতা - ৭০০ ০০১
ফোন নং : ০৩৩-২২৩১ ০০৫৫/৫৬
ইমেল : info.steels@manaksiasteels.com, ওয়েবসাইট : www.manaksiasteels.com

ভৌত সিকিউরিটিজের ডিমেটেরিয়ালাইজেশন এবং স্থানান্তরের জন্য বিশেষ ব্যবস্থা

কোম্পানির সকল শেয়ারহোল্ডারদের অবহিত করা হচ্ছে যে সেবি সার্কুলার নং SEBI/HO/38/13/11 (2)2026-MIRSD-POD/I/3750/2026 তারিখের ৩০ জানুয়ারী, ২০২৬ অনুসারে, কোম্পানি আনন্দের সাথে একটি অফার করছে ১ এপ্রিল, ২০১৯ এর আগে বিক্রি/ক্রয় করা কিন্তু নথিপত্র, প্রক্রিয়া বা অন্য কোনও কারণে প্রত্যাখ্যাত/ফেরত/অনুপস্থিত থাকা ভৌত সিকিউরিটিজের স্থানান্তর এবং ডিমেটেরিয়ালাইজেশনের জন্য এককালীন বিশেষ উইন্ডো।
এই বিশেষ উইন্ডোটি **৫ ফেব্রুয়ারী, ২০২৬ থেকে ৪ ফেব্রুয়ারী, ২০২৭** পর্যন্ত এক বছরের জন্য খোলা রাখা হয়েছে। অনুগ্রহ করে মনে রাখবেন যে এই সময়ের মধ্যে, স্থানান্তরিত সিকিউরিটিগুলি কেবলমাত্র ডিম্যাটেরিয়ালাইজড (ডিম্যাট) ফর্মে হস্তান্তরকারীর কাছে জমা হবে এবং স্থানান্তর নিবন্ধনের তারিখ থেকে ১ (এক) বছরের জন্য লক-ইন থাকবে। যোগ্য শেয়ারহোল্ডাররা নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় নথিপত্র সহ কোম্পানি/রেজিস্ট্রার এবং শেয়ার ট্রান্সফার এজেন্ট (আরটিএ)-এর কাছে স্থানান্তর এবং ডিম্যাটেরিয়ালাইজেশনের জন্য তাদের অনুরোধ জমা দিতে পারেন। এই বিষয়ে যেকোনো প্রশ্ন বা সহায়তার জন্য, সংশ্লিষ্ট শেয়ারহোল্ডাররা নীচে দেওয়া ঠিকানায় কোম্পানি/আরটিএ-এর সাথে যোগাযোগ করতে পারেন :

কোম্পানি	আরটিএ
শ্রী অজয় শর্মা কোম্পানি সেক্রেটারি মানাকসিয়া স্টিলস লি. টার্নার মরিসন বিল্ডিং, ৬ লায়ন্স রেঞ্জ, ২য় তল, কলকাতা - ৭০০ ০০১ টেলিফোন ০৩৩ ২২৩১-০০৫৫/৫৬ ইমেল : info.steels@manaksiasteels.com	মাহেশ্বরি ডেটোমেটিক্স প্রা. লি. (ইউনিট- মানাকসিয়া স্টিলস লি.) ২৩, আর. এন. মুখার্জি রোড, ৬ষ্ঠ তল, কলকাতা : ৭০০ ০০১ টেলিফোন : ০৩৩ ২২৪৩-৫০২৯ ইমেল- compliance@mdplcorporate.com

মানাকসিয়া স্টিলস লি. এর পক্ষে
স্বা/-
অজয় শর্মা
কোম্পানি সেক্রেটারি
স্থান : কলকাতা
তারিখ : ১০.০৪.২০২৬

Printed and Published by **Krishnanand Singh** on behalf of **Narsingha Broadcasting Pvt. Ltd.** Printed at **LS.Publication, 4, Canal West Road, Kolkata 700015** and Published at **1, Old Court House Corner, 3rd Floor, Room no. 306(S), Tobacco House, Kolkata- 700001 RNI No. WBBEN/2006/17404,** Phone: 033-4001 9663 email# dailyekdin1@gmail.com **Editor: Santosh Kumar Singh**

নরসিংহ ব্রডকাস্টিং প্রাইভেট লিমিটেড-এর পক্ষে **কৃষ্ণানন্দ সিং** কর্তৃক ১, ওল্ড কোর্ট হাউস কর্ণার, ৪র্থ তল, রুম নম্বর ৩০৬ (এস), টোবাকো হাউস, কলকাতা-৭০০০০১ থেকে প্রকাশিত ও এলএস পাবলিকেশনস প্রাইভেট লিমিটেড, ৪ ক্যানাল ওয়েস্ট রোড, কলকাতা-৭০০০১৫ থেকে মুদ্রিত। **RNI No. WBBEN/2006/17404,** ফোন-০৩৩-৪০০১ ৯৬৬৩, ইমেল dailyekdin1@gmail.com **সম্পাদক- সন্তোষ কুমার সিং**